# . বাংলাদেশ কৃষি ব্যাংক
## মুখ্য আঞ্চলিক কার্যালয়
## মাইজদী কোর্ট, নোয়াখালী।
ই-মেইলঃ crmnoakhali@krishibank.org.bd
ফোনঃ অফিসঃ ০৩২১-৬১৫৮৫, ০৩২১-৭১২০৯


মুআকা/নোয়া/জাতীয় শুদ্ধাচার/২০২১-২০২২/৪০৮

তারিখ ঃ ০৭.০৯.২০২১খ্রিঃ

উপমহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতির ৩য় প্রান্তিকের (জুলাই, ২০২১ হতে সেপ্টেম্বর, ২০২১) প্রতিবেদন প্রেরন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অত্র কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এবং বাস্তবায়ন অগ্রগতির ১ম প্রান্তিকের (জুলাই,২০২১ হতে সেপ্টেম্বর, ২০২১) প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করা হলো।

আপনার বিশ্বস্ত

০৭.০৭.২০২১

(এ,এইচ,এম রেজাউল করিম)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সংযুক্তি ঃ বর্ণনামতে।

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
০৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি,বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নোয়াখালী।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, নোয়াখালী মুখ্য অঞ্চল।

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## মুখ্য আঞ্চলিক কার্যালয়
## মাইজদী কোর্ট, নোয়াখালী।
ই-মেইলঃ crmnoakhali@krishibank.org.bd
ফোনঃ অফিসঃ ০৩২১-৬১৫৮৫, ০৩২১-৭১২০৯


বিষয় ঃ জুলাই'২০২১ হতে সেপ্টেম্বর'২০২১ সময়কালের ১ম প্রান্তিকের
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব এ,এইচ,এম রেজাউল করিম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক |
| তারিখ ও সময় | ঃ ০৯/০৯/২০২১ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | ঃ মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী। |
| উপস্থিতি | ঃ পরিশিষ্ট-'ক' |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থ বছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১ অনুযায়ী জুলাই ২০২১ হতে সেপ্টেম্বও, ২০২১ পর্যন্ত সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন।করোনা মহামারীকালে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শ প্রদান করেন।ব্যাংকিং খাতে নানারকম দূনীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সময়োপযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা /কর্মচারীগণের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্য নিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহবান জানান।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কার্যালয়ের কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব খোরশেদ আলম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

- ক) ২০২০-২০২১ অর্থবছরের ৩০.০৬.২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক ত্রৈমাসিক পরিবীক্ষন প্রতিবেদন প্রণয়ন ও যথাসময়ে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।
- খ)অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচারের বিষয়টি অবহিতকরণ ও পরিপালন নিশ্চিতকরণসহ ব্যাংকের সকল গণসচেতনতামূলক পোস্টার শাখায় টাঙ্গানো সম্পন্ন করা হয়েছে।
- গ)সচ্ছতা,জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক সকল শাখায় অর্ধ-বার্ষিক পরিদর্শন সম্পাদন করা হয়েছে।
- ঘ) ইতোমধ্যে অঞ্চলাধীন অধিকাংশ শাখায় অংশীজনের অংশগ্রহনে সভা অনুষ্ঠিত হয়েছে।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

- ক) কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক অনুমোদিত সিডিউল অব চার্জেস অঞ্চলাধীন শাখাসমূহে টাঙ্গানো এবং সন্মানিত গ্রাহকগণকে দ্রুত অবহিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয় (বাস্তবায়নকারী সকল শাখা ব্যবস্থাপক)।
- খ) সিডিউল অব চার্জেস অন্তর্ভুক্ত করে হালনাগাদ সিটিজেন চার্টার ছাপিয়ে শাখাসমূহে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নকারী মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক)।
- গ) করোনা ভাইরাস এর সংক্রমন রোধে সকল শাখায় স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়। নো মাস্ক নো সার্ভিস লেখা পোস্টার টাঙ্গানোর নির্দেশনা প্রদান করা হয় (বাস্তবায়নকারী সকল শাখা ব্যবস্থাপক)।
- ঘ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে সচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়(বাস্তবায়নকারী মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক)।
- ঙ) শুদ্ধাচারের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহন। এক্ষেত্রে গণশুনানি একটি অত্যন্ত কার্যকরী কৌশল হওয়ায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় এরিয়া ভিত্তিক কয়েকটি শাখার সমন্বয়ে গণশুনানি করবেন এবং পর্যায়ক্রমে সকল শাখার গণশুনানি সম্পন্ন করা হবে (বাস্তবায়নকারী মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক)।

০৯.০৯.২০২১
(এ,এইচ,এম রেজাউল করিম)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভাপতি

তারিখ ঃ ০৯/০৯/২০২১ খ্রিঃ

সূত্র নং মুআকা/নোয়া/জাতীয় শুদ্ধাচার-০১/২০২১-২০২২/৪০৮(২৭)

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
০২। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নোয়াখালী।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, নোয়াখালী মুখ্য অঞ্চল।
০৬।নথি/মহানথি

০৯/০৯/২০২১
(মোঃ শাহাব উদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## মুখ্য আঞ্চলিক কার্যালয়
মাইজদী কোর্ট, নোয়াখালী।
ই-মেইলঃ crmnoakhali@krishibank.org.bd
ফোনঃ অফিসঃ ০৩২১-৬১৫৮৫, ০৩২১-৭১২০৯


মুআকা/প্রশাঃ৯(৬০)জাতীয় শুদ্ধাচার/২০২১-২০২২/৩৮৮

তারিখ ঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ

জাতীয় শুদ্ধাচার কমিটির সভা আহবান প্রসংগে।

আগামী ০৯/০৯/২০২১ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভা কক্ষে জাতীয় শুদ্ধাচার কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৭.০৯.২০২১

(এ,এইচ,এম রেজাউল করিম)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কমিটির

বিতরণঃ
০১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আনিকা, নোয়াখালী-সদস্য।
০২। জনাব মোঃ শাহাব উদ্দিন, সহকারী মহাব্যবস্থাপক, বিকেবি, মুআকা, নোয়াখালী- সদস্য।
০৩। জনাব খোরশেদ আলম কর্মকর্তা, বিকেবি, মুআকা, নোয়াখালী-সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা ।
০৪। জনাব মোঃ জাকির হোসেন, কর্মকর্তা বিকেবি, মুআকা, নোয়াখালী ও প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তা ।

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়,নোয়াখালী।
Email-crmnoakhali@krishibank.org.bd

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

বিষয়ঃ জুলাই,২০২১ হতে সেপ্টেম্বর, ২০২১ সময়কালের ১ম প্রান্তিকের
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার হাজিরা।

সভাপতি ঃ জনাব এ,এইচ,এম রেজাউল করিম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
তারিখ ও সময় ঃ ০৯/০৯/২০২১ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
স্থান ঃ মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী।
উপস্থিতি ঃ প্রতিবেদন প্রস্তুতকারী,ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি ।

| ক্রমিক নং- | কমিটির পদবী | নাম ও পদবী | কার্যালয়ের ঠিকানা | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | সভাপতি | জনাব এ,এইচ,এম রেজাউল করিম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক | মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী। | ০১৮১৯৬৪৩০২৪ | |
| ০২ | সদস্য | জনাব আবদুল মান্নান, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা | আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নোয়াখালী। | ০১৭১৮২৯৮২৮৩ | |
| ০৩ | সদস্য | জনাব মোঃ শাহাব উদ্দিন, সহকারী মহাব্যবস্থাপক | মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী। | ০১৭১৩৬২৪৬২৫ | |
| ০৪ | সদস্য (ফোকাল পয়েন্ট কর্মকর্তা) | জনাব খোরশেদ আলম কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী। | ০১৭০৬৯৪৯৮৮৬ | |
| ০৫ | প্রতিবেদন প্রস্তুতকারী | জনাব মোঃ জাকির হোসেন কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী। | ০১৮৪২৩৬২৭৯৪ | |